[redacted]

[redacted]

কৃষকদের অভিযোগ, সরকারি ভাবে মৌসুম শেষ হওয়ার অনেক পরে প্রণোদনার বীজ বিতরণ করা হয়, যা কৃষকদের কোনো উপকারে আসে না। কৃষকরা প্রণোদনায় পাওয়া বীজ ফেলে দিয়ে বিভিন্ন কোম্পানির কাছ থেকে উচ্চমূল্যের বীজ কিনে আবাদ করতে হয়। এভাবে চলতে থাকলে সরকারি পরিকল্পনা ব্যর্থ হবে।

মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্য বলছে, চলতি বোরো আবাদ বৃদ্ধিতে মেহেরপুরের তিনটি উপজেলার ১ হাজার ৬০০ কৃষককে প্রণোদনার আওতায় আনা হয়। সে লক্ষ্যে ব্রি-ধান ৮৮, ব্রি-ধান ৮৯, ব্রি-ধান ৯২ জাতের ৫ কেজি করে বীজ, ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার বিনামূল্যে প্রদান করা হয়। চলতি মৌসুমে ১৯ হাজার ৭০০ হেক্টর জমিতে বোরো আবাদ হয়েছে, যার উৎপাদন লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৮৭ হাজার ৩০০ মেট্রিক টন। প্রণোদনার ভেজাল বীজের কারণে লক্ষ্যমাত্রা অর্জন না হওয়ার আশঙ্কা রয়েছে এবার।

গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মতিয়ার রহমান বলেন, এমন কিছু অভিযোগ আমরা পেয়েছি। সরেজমিনে গিয়ে দেখব এমনটা কেন হয়েছে।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)’র মেহেরপুর অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ডিডি) আশরাফুল আলম মুঠোফোনে প্রতিনিধিকে বলেন, মেহেরপুরের প্রণোদনার বীজ বিএডিসি কৃষি অফিসকে সরবরাহ করে থাকে। আর কৃষি অফিস তা কৃষকদের তালিকাভুক্ত করে বিতরণ করে। তবে ভেজাল বীজের বিষয়ে তিনি বলেন, এখনো অভিযোগ পাইনি, অভিযোগ পেলে আমার ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হবে।

কৃষকদের দাবি, সরকারি ভাবে ভেজাল বীজ প্রদান করা হলে কৃষিনির্ভর মেহেরপুরে খাদ্য ঘাটতি দেখা দেবে।

মেহেরপুরে বসুন্ধরা শুভসংঘের খাদ্যে ভেজাল বিরোধী

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সভাপতির বক্তব্যে এস এম রফিকুল আলম বলেন, আমাদের সমাজের রন্ধ্রে রন্ধ্রে যেমন দুর্নীতি প্রবেশ করেছে, তেমনি খাদ্যে ভেজালও এক মহামারির মতো ছড়িয়ে পড়েছে। বিভিন্ন রাসায়নিক দ্রব্য ও বিষক্রিয়াযুক্ত খাদ্য গ্রহণের ফলে আমাদের স্বাভাবিক শারীরিক গঠন বাধাগ্রস্ত হচ্ছে এবং মানুষ জটিল থেকে জটিলতর রোগে আক্রান্ত হচ্ছে।

তিনি বলেন, এ পরিস্থিতি মোকাবিলায় মানুষকে সচেতন করতেই বসুন্ধরা শুভসংঘের আজকের এই আয়োজন। আমি সবাইকে আহ্বান জানাই, পবিত্র রমজান মাসে যেন আমরা সুস্থ, সতেজ ও বিষমুক্ত খাবার গ্রহণ করি। সবাইকে এ বিষয়ে সচেতন হতে হবে।

বিশেষ করে ব্যবসায়ী ভাইদের প্রতি আমার উদাত্ত আহ্বান এই পবিত্র মাহে রমজানে মানুষকে বিশুদ্ধ, সতেজ ও ভেজালমুক্ত খাবার সরবরাহ করুন। আপনার সামান্য সতর্কতা ও নৈতিকতার চর্চা সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে পারে।

বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক তরুণ সংগঠক মো. নাফিউল ইসলামের সঞ্চালনায় এসময় বসুন্ধরা শুভসংঘের সকল সদস্যরা অংশ নেন।

পরে, বসুন্ধরা শুভসংঘের সদস্যরা পথচারী ও ব্যবসায়ীদের হাতে লিফলেট তুলে দেন এবং কীভাবে ভেজাল খাদ্য চিহ্নিত করা যায় সে বিষয়ে পরামর্শ দেন।

মেহেরপুরে ভেজাল বীজ ও বৈরী আবহাওয়ায় ফলন বিপর্যয়ে শসা চাষিরা

একদিকে অনুন্নত বীজ, অন্যদিকে অবহাওয়া অনুকুল না থাকায় ফলন বিপর্যয়ে কপাল পুড়েছে মেহেরপুরের অন্তত শতাধিক কৃষকের। এতে শসা চাষিরা মোটা অংকের টাকা ক্ষতির মুখে পড়েছেন।